# বাংলা
## শিখন নকশা

| | |
|---|---|
| বিদ্যালয়ের নাম - | বিষয় –বাংলা |
| শ্রেণি – সপ্তম | একক – "দিন ফুরালো" |
| বিভাগ – | উপ একক – |
| সময়সীমা – ৪৫ মিনিট | ১."সূয্যি নাকি ....... ভাবছ ?" |
| তারিখ – | ২. "বাপ মায়েরা .....ধুচ্ছি।" |
| শিক্ষকের নাম - | দিনের পাঠ – সমগ্র একক |

### শিখনের লক্ষ্য/উদ্দেশ্য

বর্তমান পাঠের পর শিক্ষার্থীরা –

| | |
|---|---|
| স্মরণ করা | ➢ কবির নাম স্মরণ করে বলতে পারবে। (তথ্যগত)<br>➢ কবিতায় বর্ণিত সূর্যাস্তের বর্ণনা দিতে পারবে। (ধারণাগত)<br>➢ 'এক গঙ্গা জল দিয়ে তাই ধুচ্ছি' এই ধরণের বাক্যের প্রসঙ্গসূত্র বলতে পারবে।(ধারণাগত) |
| অনুধাবন করা | ➢ কবিতাটির সারাংশ লিখতে পারবে।( তথ্যগত)<br>➢ নিজের বাড়িকে "মন খারাপের গর্ত " বলা হয়েছে কেন তা ব্যাখ্যা করতে পারবে।(ধারণাগত)<br>➢ শিশুর স্বাভাবিক বেড়ে ওঠার পথে অভিভাবক তথা সমাজ প্রতিবন্ধকতা তৈরি করে, কবিতা অবলম্বনে তার সপক্ষে যুক্তি দিতে পারবে।(পদ্ধতিগত) |
| প্রয়োগ করা | ➢ শিশু কিশোরদের মনোভাব প্রকাশ পেয়েছে সমজাতীয় এমন গল্প বা কবিতার নাম লিখতে পারবে।(তথ্যগত)<br>➢ বাবা মায়ের ইচ্ছা এবং শিশুর ইচ্ছার তুলনা করতে পারবে।(ধারণাগত)<br>➢ রবীন্দ্রনাথ ঠাকুরের "লুকোচুরি" কবিতার সঙ্গে এই কবিতার সাদৃশ্য অনুধাবন করে নতুন রচনায় প্রয়োগ করতে পারবে।(ধারণাগত) |
| বিশ্লেষণ করা | ➢ শিশু ও অভিভাবকদের চারিত্রিক বৈশিষ্ট্য কবিতা অবলম্বনে বিশ্লেষণ করতে পারবে।(তথ্যগত)<br>➢ "আমরা কি আর দেখতে পাবো ভাবছো", "বাবা মায়েরা যাবেই তবে মুচ্ছো"- এই দুটি ইচ্ছা যে বিপরীতমুখী শিক্ষার্থীরা তা বিশ্লেষণ করতে পারবে।(ধারণাগত)<br>➢ শিশুর ইচ্ছা ও অভিভাবকদের ইচ্ছা, বর্তমান সমাজপরিবেশে কোনটি মুখ্য ও কোনটি গৌণ তা বিশ্লেষণ করতে পারবে।(পদ্ধতিগত) |

| | |
|---|---|
| মূল্যায়ন করা | ➤ কবিতাটিতে মুখ্য চরিত্র কোনটি এবং পারিপার্শ্বিক চরিত্র কারা তা বিচার করে বলতে পারবে।(তথ্যগত)<br>➤ কবিতাটি শিশুর আশা এবং হতাশাই কেন মুখ্য ভাবনা ,তা বিচার করতে পারবে।(ধারণাগত) |
| সৃজন করা | ➤ কবিতায় বর্ণিত শিশুর মনের চাহিদাকে কেন্দ্র করে বিকল্প একটি গদ্য অথবা পদ্য রচনা করতে পারবে।(তথ্যগত)<br>➤ কবিতাটির বিকল্প নামকরণ করতে পারবে।(অধিজ্ঞান) |

## পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীর বিশ্লেষণঃ

বর্তমান পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীদের সাধারণ বৈশিষ্ট্যাবলী এবং প্রারম্ভিক আচরণ সুনিশ্চিত করার জন্য নিম্নলিখিত প্রশ্নগুলি করবেন –

১. স্কুল ছুটির পর বাড়িতে ফিরে তোমরা কি কর ?

২. বিকেল বেলায় তোমাদের কি কি করতে ইচ্ছা করে ?

৩. প্রকৃতির শোভা তোমাদের কীভাবে আকর্ষণ করে ?

৪. শিশুদের নিয়ে লেখা হয়েছে এমন কয়েকটি কবিতার নাম বল ।

৫.কয়েকজন আধুনিক কবির নাম বল।

## শিখন সহায়ক উপকরণের প্রস্তুতি ও নির্বাচন :

- সাধারণ উপকরণ – চক,ডাস্টার, ব্ল্যাকবোর্ড ও পাঠ্যপুস্তক
- বিশেষ উপকরণ -

১। কবি পরিচিতির চার্ট

২। সূর্যাস্তের চিত্র সম্বলিত চিত্র/ভিডিও

৩। সমজাতীয় উদ্ধৃতি সম্বলিত চার্ট

৪। কবীর সুমনের গাওয়া গান সকাল 'বেলার রোদ্দুর' –এর অডিও

## শিখন কৌশল:

| শিখন কেন্দ্র | প্রাসঙ্গিক কৌশল |
|---|---|
| পাঠ পর্যায় – ১<br>কবি পরিচিতি<br>• জন্ম | পাঠ পর্যায় – ১<br>আলোচনা, প্রশ্ন করণ ও প্রতিপাদনের মাধ্যমে শিক্ষার্থীদের সহায়তায় শিক্ষক কবি পরিচিতির চার্ট |

<table>
<tr>
<td>• উল্লেখযোগ্যগ্রন্থ<br>• সাহিত্যশৈলী<br>• পুরস্কারএবং অন্যান্য কৃতিত্ব</td>
<td>প্রদর্শন করে প্রশ্ন-উত্তরের সাহায্যে দিনের পাঠে অগ্রসর হবেন, প্রাসঙ্গিক তথ্যগুলি বোর্ডে লিখে দেবেন।</td>
</tr>
<tr>
<td>পাঠ পর্যায় – ২<br>“সূয্যি নাকি .............................. ভাবছ?”<br>• ক্রীড়ারত শিশু<br>• সূর্যাস্ত<br>• ঘরে ফেরার তাড়া</td>
<td>পাঠ পর্যায় – ২<br>শিক্ষক উদ্ধৃত অংশটির ছন্দ, যতি, ভাব অক্ষুণ্ণ রেখে একটি আদর্শ সরব পাঠ দেবেন, শিক্ষার্থীদের সরব পাঠ করাবেন যার মাধ্যমে শিক্ষার্থীর মধ্যে পঠনদক্ষতার বিকাশ ঘটবে।<br>সূর্যাস্তের ছবি দেখে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তরদানে সচেষ্ট হবে—<br>১। এটি কোন সময়ের ছবি? (উত্তর সঙ্কেতঃ দিনান্তের)<br>২। এই সময়ের আকাশ সম্বন্ধে কবি কী বলেছেন? ((উত্তর সঙ্কেতঃ বর্ণময় আকাশের সৌন্দর্য )<br>কবীর সুমনের ‘সকাল বেলার রোদ্দুর’ গানটি শুনে শিক্ষার্থীরা শৈশবের অসহায়তা অনুভব করবে এবং এই স্তবকের শেষ পঙক্তির সাথে গানটির সম্পর্ক নির্ণয় করবে।<br>স্তবকটি আলোচনার সময় শিক্ষক বোর্ডে প্রাসঙ্গিক তথ্যগুলি লিখে দেবেন-
<table>
<tr><th>শব্দ</th><th>অর্থ/ তাৎপর্য</th><th>কাব্যভাবনা</th></tr>
<tr><td>দুচ্ছাই</td><td>দূর ছাই , অবজ্ঞা ও বিরক্তিসূচক ধ্বনি</td><td>* কবির প্রকৃতি ভাবনা<br>* শিশুর অসহায়তা</td></tr>
<tr><td>লক্ষ</td><td>লাখ (সংখ্যাবিশেষ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ – লক্ষ্য (দৃষ্টিপাত)</td><td></td></tr>
</table>
</td>
</tr>
<tr>
<td>পাঠ পর্যায় – ৩<br>“বাপ মায়েরা.....................তাই ধুচ্ছি”<br>• শিশু জীবনের যান্ত্রিকতা<br>• অভিভাবকের চাপ<br>• শিশুর বাসনার অবদমন</td>
<td>পাঠ পর্যায় – ৩<br>শিক্ষক উদ্ধৃতি অংশটির ছেদ, যতি, ভাব অক্ষুণ্ণ রেখে একটি আদর্শ সরব পাঠ দেবেন, শিক্ষার্থীদের সরব পাঠ করাবেন যার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে পঠনদক্ষতার বিকাশ ঘটবে।<br>শিক্ষক প্রতিপাদন পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীদের সামনে সমজাতীয় উদ্ধৃতি সম্পন্ন একটি চার্ট প্রদর্শন করবেন, শিক্ষার্থীরা উদ্ধৃতিগুলি পাঠের মাধ্যমে বিষয়বস্তুর মুল ভাবনায় প্রবেশ করবে-</td>
</tr>
</table>

উদ্ধৃতি ১ –

" তোমরা যেতে বিকেল বেলায় বৈঁচি বনের খোঁজ নিতে
আমরা তখন ইতিহাসের খিলজি কিংবা নাজনিতে,
এসব নাম কি বুঝতে পারো, জানো এদের তারিখ কি?
তোমরা ছিলে ছেলে মানুষ, আমরা খুবই ভারিক্কি"

-ভারিক্কি, শঙ্খ ঘোষ

উদ্ধৃতি ২ -

"মাঠে যাব সকলে
পড়বো না বিকেলে
ফাঁকা মাঠে গোল নয়
বিকেলেতে টোল নয়"

-তৃপ্তি সান্ত্রা রচিত " হারিয়ে যায় রামধনু বিকেল আর ডানা মেলা মাঠ" প্রবন্ধের অংশ।

উদ্ধৃতিগুলির সঙ্গে বিষয়বস্তুর সাযুজ্যের প্রেক্ষিতে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তরদানে সচেষ্ট হবে –

১। উদ্ধৃতি দুটির মর্মার্থ কি?
(উত্তর সংকেতঃ শিশুর ইচ্ছায় অভিভাবকের প্রতিবন্ধকতা)

২। উদ্ধৃতি দুটির সঙ্গে পাঠ্যবিষয়ের মিল কোথায়?
(উত্তর সংকেতঃ কবিতাতেও শিশুর অসহায়তাই প্রকাশিত)

৩। "মন খারাপের গর্ত" বলতে কী বোঝ?
(উত্তর সংকেতঃ বাইরের প্রকৃতির স্বাভাবিক আনন্দকে দূরে সরিয়ে রেখে শিশুর বিষণ্ণ বাড়িতে ঢোকা)

স্তবকটি আলোচনার সময় শিক্ষক বোর্ডে প্রাসঙ্গিক তথ্যগুলি লিখে দেবেন-

| শব্দ অর্থ/ তাৎপর্য | কাব্যভাবনা |
|---|---|
| মুচ্ছো – মূর্ছা, চৈতন্যলোপ | * অভিভাবকদের চাপ, সমালোচনা |
| এক গঙ্গা জল – অনেক জল | * যান্ত্রিক জীবনের প্রতি শিশুর বিরাগ |

## মূল্যায়নের নকশা

শিক্ষার্থীরা দিনের পাঠগ্রহণে কতটা সক্ষম হয়েছে তা বোঝার জন্য শিক্ষক নিম্নলিখিত উদ্দেশ্যভিত্তিক প্রশ্নগুলি করবেন -

১. কবিতাটিতে "চ্ছ" দিয়ে কতগুলি শব্দ আছে, সেগুলি উল্লেখ কর। (তথ্যগত স্মরণ)

২.কবিতাটিতে দিনের কোন সময়ের কথা বলা হয়েছে ? (তথ্যগত স্মরণ)

৩. কবিতাটিতে অভিভাবকের প্রতিক্রিয়া কোন কোন বক্তব্যে প্রকাশিত ? (তথ্যগত অনুধাবন)

৪. সূর্যাস্তের বর্ণনা প্রসঙ্গে কবি কি উপমা ব্যবহার করেছেন ? (ধারণাগত স্মরণ)

৫. নিজের বাড়িকে " মন খারাপের গর্ত " কেন বলা হয়েছে ? (ধারণাগত অনুধাবন)

৬. শিশুর ইচ্ছা না অভিভাবকদের ইচ্ছা বর্তমান সমাজ পরিবেশে কোনটি মুখ্য এবং কোনটি গৌণ? (পদ্ধতিগত বিশ্লেষণ)

৭. কবিতাটির একটি বিকল্প নাম বল । (অধিজ্ঞানগত সৃজন)

## দুর্বলতা নির্ণয় (সংশোধনী পাঠের প্রয়োজনে)

শিখন-শিক্ষণের সময় শিক্ষক শিক্ষার্থীর কোন দুর্বলতা সনাক্ত করলে প্রয়োজনীয় সংশোধনী পাঠের ব্যবস্থা করবেন।